শিল্প ঋণ প্রতিবেদনের 'নির্বাহী সার'

ছক-১: বিগত অর্থবছরের জুলাই-জুন সময়ের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)			
	জুলাই-জুন, ২০১৭-১৮	জুলাই-জুন, ২০১৮-১৯	% পরিবর্তন
বিতরণ	৩৪৬,৩৯৭.২২	৩৯৯,৮৫৭.০৫	১৫.৪৩%
আদায়	২৭৩,১৭৩.৫৬	৩১৯,৭৬২.৮৭	১৭.০৫%
	জুলাই-জুন, ২০১৭-১৮ (৩০/০৬/২০১৮ তারিখে) স্থিতি	জুলাই-জুন, ২০১৮-১৯ (৩০/০৬/২০১৯ তারিখে) স্থিতি	% পরিবর্তন
মেয়াদোত্তীর্ণ ঋণ	৬০,৭২৯.৪৬	৭৪,৬৬৪.৫০	২২.৯৫%
বকেয়া স্থিতি	৪৩২,৬৪৪.৫৪	৫২৭,৩৩৪.২৬	২১.৮৯%
শ্রেণিকৃত ঋণ	৩৮,৪৯৯.৪০	৫৭,২০১.০০	৪৮.৫৮%

- ছক-১ হতে পরিদৃষ্ট হয় যে, ২০১৭-২০১৮ অর্থবছরের জুলাই হতে জুন সময়ের তুলনায় আলোচ্য অর্থবছরের একই সময়ে শিল্প খাতে ঋণ বিতরণ ১৫.৪৩%, ঋণ আদায় ১৭.০৫%, মেয়াদোত্তীর্ণ ঋণ ২২.৯৫%, বকেয়া স্থিতি ২১.৮৯% এবং শ্রেণিকৃত ঋণ ৪৮.৫৮% বৃদ্ধি পেয়েছে।

- ২০১৮-২০১৯ অর্থবছরের জুলাই-জুন সময় শেষে শিল্প ঋণ হিসাবে বিতরণকৃত মোট ৩৯৯,৮৫৭.০৫ কোটি টাকার মধ্যে চলতি মূলধন ঋণের পরিমাণ ৩১৯,০০৬.৯৮ কোটি টাকা (৭৯.৭৮%) এবং মেয়াদি ঋণের পরিমাণ ৮০,৮৫০.০৮ কোটি টাকা (২০.২২%)।

- ২০১৮-১৯ অর্থবছরের জুলাই-জুন সময় শেষে মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ ৩১৯,৭৬২.৮৭ কোটি টাকা যার মধ্যে মেয়াদি শিল্প ঋণ আদায়ের পরিমাণ ৭৬,৫৬৮.৮১ কোটি টাকা (২৩.৯৪%) এবং চলতি মূলধন ঋণ আদায়ের পরিমাণ ২৪৩,১৯৪.০৫ কোটি টাকা (৭৬.০৬%)।

- ২০১৮-১৯ অর্থবছরের জুন প্রান্তিকে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ ৭৪,৬৬৪.৫০ কোটি টাকা যার মধ্যে মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণের পরিমাণ ৪২,৩১৬.২৭ কোটি টাকা (৫৬.৬৮%) এবং মেয়াদোত্তীর্ণ চলতি মূলধন ঋণের পরিমাণ ৩২,৩৪৮.২৪ কোটি টাকা (৪৩.৩২%)।

- ২০১৮-১৯ অর্থবছরের জুন প্রান্তিকে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৫২৭,৩৩৪.২৬ কোটি টাকা যার মধ্যে মেয়াদি শিল্প ঋণের বকেয়াস্থিতির পরিমাণ ২৪৩,৮২৫.১৭ কোটি টাকা (৪৬.২৪%) এবং চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৮৩,৫০৯.০৯ কোটি টাকা (৫৩.৭৬%)।

- ২০১৮-১৯ অর্থবছরের জুন প্রান্তিকে মোট শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির পরিমাণ ৫৭,২০১.০০ কোটি টাকা যার মধ্যে শ্রেণীকৃত মেয়াদি শিল্প ঋণের পরিমাণ ৪০,০৪৪.৭৮ কোটি টাকা (৭০.০১%) এবং শ্রেণীকৃত চলতি মূলধন ঋণের পরিমাণ ১৭,১৫৬.২২ কোটি টাকা (২৯.৯৯%) । বর্ণিত সময়ে শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির মোট ৫৭,২০১.০০ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির হার যথাক্রমে ৬৬.২৪%, ২২.৩৮% ও ১১.৩৮%।

- আলোচ্য সময়ে মোট শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের হার ৪৯.৪০%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪১.৭৫%, বিদেশি ব্যাংকসমূহের ১.০০%, বিশেষায়িত ব্যাংকসমূহের ১.৩৬% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৬.৪৯%।


- এছাড়া, একক প্রতিষ্ঠানসমূহের শ্রেণিকৃত ঋণের হার পর্যালোচনায় দেখা যায়, ৩৮টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ৫% এর নিচে, ২৬টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ৫% এর বেশি কিন্তু ১০% এর নিচে, ৪টি প্রতিষ্ঠানের শ্রেণীকৃত ঋণের হার ১০% এর বেশি কিন্তু ১৫% এর নিচে এবং ২২টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ১৫% এর বেশি রয়েছে।


২০১৮-১৯ অর্থবছরের জুলাই-জুন সময় শেষে শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

দেশের সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে জুলাই-জুন/২০১৮-২০১৯ সময় শেষে প্রাপ্ত বিবরণীর তথ্যের ভিত্তিতে দেশের শিল্প খাতে ঋণ বিতরণ, আদায়, মেয়াদোত্তীর্ণ, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির একীভূত বিবরণী প্রস্তুত করা হয়েছে যা নিম্নে উপস্থাপন করা হলো ঃ

ঋণ বিতরণ

২০১৮-১৯ অর্থবছরের জুলাই হতে জুন সময়ে মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ ৩৯৯,৮৫৭.০৫ কোটি টাকা যার মধ্যে মেয়াদি শিল্প ঋণের পরিমাণ ৮০,৮৫০.০৮ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণের পরিমাণ ৩১৯,০০৬.৯৮ কোটি টাকা (ছক-১ দ্রষ্টব্য)। বর্ণিত সময়ে বিতরণকৃত মোট ৩৯৯,৮৫৭.০৫ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট শিল্প ঋণ বিতরণের হার যথাক্রমে ৮০.২১%, ১০.৪৩% এবং ৯.৩৬% (চিত্র-১ দ্রষ্টব্য)। আলোচ্য সময়ে শিল্প ঋণ হিসেবে মোট বিতরণের মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ২.৬৩%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৫.০৬%, বিদেশি ব্যাংকসমূহ ১৬.৮৪%,বিশেষায়িত ব্যাংকসমূহ ০.৬৩% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৪.৮৪% বিতরণ করেছে (চিত্র-২)।







বিগত অর্থবছরের শিল্প ঋণ বিতরণের সাথে তুলনামূলক চিত্র ঃ

		ছক-১: শিল্প ঋণ বিতরণ: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জুলাই-জুন, ২০১৭-১৮	জুলাই-জুন, ২০১৮-১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৫২,৭১৮.৮০	৬৩,৫৬২.০০	২০.৫৭%
	মাঝারি শিল্প	১০,০৮৩.৬৮	৮,৫০২.৬১	-১৫.৬৮%
	ক্ষুদ্র শিল্প	৭,৯৬৫.৬৯	৮,৭৮৫.৪৭	১০.২৯%
	মোট	৭০,৭৬৮.১৭	৮০,৮৫০.০৮	**১৪.২৫%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	২১৯,৬১১.৪০	২৫৭,১৮৩.৬৪	১৭.১১%
	মাঝারি শিল্প	৩১,৩০৪.২৬	৩৩,১৯৪.৭৫	৬.০৪%
	ক্ষুদ্র শিল্প	২৪,৭১৩.৩৯	২৮,৬২৮.৫৯	১৫.৮৪%
	মোট	২৭৫,৬২৯.০৫	৩১৯,০০৬.৯৮	**১৫.৭৪%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	২৭২,৩৩০.২০	৩২০,৭৪৫.৬৪	১৭.৭৮%
	মাঝারি শিল্প	৪১,৩৮৭.৯৪	৪১,৬৯৭.৩৬	০.৭৫%
	ক্ষুদ্র শিল্প	৩২,৬৭৯.০৮	৩৭,৪১৪.০৫	১৪.৪৯%
	মোট	৩৪৬,৩৯৭.২২	৩৯৯,৮৫৭.০৫	**১৫.৪৩%**

বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-জুন সময় শেষে মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ ছিল ৩৪৬,৩৯৭.২২ কোটি টাকা যা ২০১৮-১৯ অর্থবছরের একই সময়ে ১৫.৪৩% বৃদ্ধি পেয়ে ৩৯৯,৮৫৭.০৫ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদি শিল্প ঋণ ৭০,৭৬৮.১৭ কোটি টাকা হতে ১৪.২৫% বৃদ্ধি পেয়ে ৮০,৮৫০.০৮ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণ ২৭৫,৬২৯.০৫ কোটি টাকা হতে ১৫.৭৪% বৃদ্ধি পেয়ে ৩১৯,০০৬.৯৮ কোটি টাকায় উন্নীত হয়েছে (ছক-১ও চিত্র-৩)।





বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-জুন সময়ের তুলনায় ২০১৮-২০১৯ অর্থবছরের একই সময়ে মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১৭.৭৮%, ০.৭৫% ও ১৪.৪৯% বৃদ্ধি পেয়েছে । তন্মধ্যে মেয়াদি শিল্প ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২০.৫৭% এবং ১০.২৯% বৃদ্ধি পেলেও মাঝারি শিল্পে ১৫.৬৮% হ্রাস পেয়েছে। অন্যদিকে চলতি মূলধন ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১৭.১১%, ৬.০৪% ও ১৫.৮৪% বৃদ্ধি পেয়েছে (ছক-১ ও চিত্র-৪)।

বিগত ত্রৈমাসিকের শিল্প ঋণ বিতরণের সাথে তুলনামূলক চিত্রঃ

২০১৮-১৯ অর্থবছরের জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকে মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ ছিল ৮৯,৯২৯.৭৬ কোটি টাকা যা আলোচ্য এপ্রিল -জুন ত্রৈমাসিকে ২৭.৫২% বৃদ্ধি পেয়ে ১১৪,৬৮১.০৬ কোটি টাকা হয়েছে । আলোচ্য ত্রৈমাসিকে বিগত জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকের তুলনায় মেয়াদি শিল্প ঋণ ৪৫.৮০% এবং চলতি মূলধন ঋণ ২৩.৭৯% বৃদ্ধি পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট শিল্প ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ ও মাঝারি শিল্পে যথাক্রমে ৩৪.৫৯% ১১.৩৭% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ৫.৪৯% হ্রাস পেয়েছে (ছক-২)।


জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদি শিল্প ঋণ বিতরণের মধ্যে বৃহৎ ও মাঝারি শিল্পে যথাক্রমে ৬৪.৫৬% ও ৩৫.৫৫% বৃদ্ধি পেয়েছে এবং ক্ষুদ্র শিল্পে ২১.৫৩% হ্রাস পেয়েছে । অন্যদিকে একই সময়ের তুলনায় শিল্প খাতে চলতি মূলধন ঋণ বিতরণের পরিমাণ বৃহৎ ,মাঝারি এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২৯.০৭%, ৬.৮৫% এবং ০.৭০% বৃদ্ধি পেয়েছে ।

		ছক-২: শিল্প ঋণ বিতরণ: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জানুয়ারী-মার্চ,২০১৮-২০১৯	এপ্রিল -জুন ২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১০,৮৭১.৪৩	১৭,৮৮৯.৬১	৬৪.৫৬%
	মাঝারি শিল্প	১,৫৯২.০০	২,১৫৭.৯৭	৩৫.৫৫%
	ক্ষুদ্র শিল্প	২,৭৮৫.৬৭	২,১৮৬.০৫	-২১.৫৩%
	মোট	**১৫,২৪৯.১০**	**২২,২৩৩.৬৩**	**৪৫.৮০%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৫৮,৯৩৭.৬১	৭৬,০৬৯.৫০	২৯.০৭%
	মাঝারি শিল্প	৮,৫২৮.২৭	৯,১১২.৮৬	৬.৮৫%
	ক্ষুদ্র শিল্প	৭,২১৪.৭৯	৭,২৬৫.০৭	০.৭০%
	মোট	**৭৪,৬৮০.৬৭**	**৯২,৪৪৭.৪৩**	**২৩.৭৯%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৬৯,৮০৯.০৪	৯৩,৯৫৯.১১	৩৪.৫৯%
	মাঝারি শিল্প	১০,১২০.২৭	১১,২৭০.৮৩	১১.৩৭%
	ক্ষুদ্র শিল্প	১০,০০০.৪৫	৯,৪৫১.১২	-৫.৪৯%
	মোট	**৮৯,৯২৯.৭৬**	**১১৪,৬৮১.০৬**	**২৭.৫২%**


ঋণ আদায়

২০১৮-১৯ অর্থবছরের জুলাই-জুন সময় শেষে মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ ৩১৯,৭৬২.৮৭ কোটি টাকা যার মধ্যে মেয়াদি শিল্প ঋণ আদায়ের পরিমাণ ৭৬,৫৬৮.৮১ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণ আদায়ের পরিমাণ ২৪৩,১৯৪.০৫ কোটি টাকা । বর্ণিত সময়ে আদায়কৃত মোট ৩১৯,৭৬২.৮৭ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট শিল্প ঋণ আদায়ের হার যথাক্রমে ৮১.১৩%, ১০.৪৬% এবং ৮.৪১% (চিত্র-৫ দ্রষ্টব্য)। আলোচ্য সময়ে মোট শিল্প ঋণ আদায়ের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ২.৮৩%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৫.০৭%, বিদেশি ব্যাংকসমূহ ১৭.৪১%, বিশেষায়িত ব্যাংকসমূহ ০.৩৯% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৪.৩০% আদায় করেছে (চিত্র-৬)।

চিত্র ৫: শিল্পের আকার অনুযায়ী মোট শিল্প ঋণ আদায়ের হার (জুলাই-জুন, ২০১৮-১৯)




চিত্র ৬: ব্যাংকের ধরণ অনুযায়ী মোট শিল্প ঋণ আদায়ের হার (জুলাই-জুন, ২০১৮-১৯)




বিগত অর্থবছরের শিল্প ঋণ আদায়ের সাথে তুলনামূলক চিত্র

		ছক-৩: শিল্প ঋণ আদায়: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জুলাই-জুন, ২০১৭-১৮	জুলাই-জুন, ২০১৮-১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৫৩,২১৯.৪২	৬০,৯৭৫.৫৫	১৪.৫৭%
	মাঝারি শিল্প	৯,৪৮৪.৫৫	৭,৮৩০.২১	-১৭.৪৪%
	ক্ষুদ্র শিল্প	৭,৪৮৯.১১	৭,৭৬৩.০৬	৩.৬৬%
	মোট	**৭০,১৯৩.০৮**	**৭৬,৫৬৮.৮১**	**৯.০৮%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	১৬৩,৭৩৮.৩৫	১৯৮,৪৩৫.৭০	২১.১৯%
	মাঝারি শিল্প	২২,৭৬৯.৬১	২৫,৬২১.৫৭	১২.৫৩%
	ক্ষুদ্র শিল্প	১৬,৪৭২.৫২	১৯,১৩৬.৭৮	১৬.১৭%
	মোট	**২০২,৯৮০.৪৮**	**২৪৩,১৯৪.০৫**	**১৯.৮১%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	২১৬,৯৫৭.৭৭	২৫৯,৪১১.২৫	১৯.৫৭%
	মাঝারি শিল্প	৩২,২৫৪.১৬	৩৩,৪৫১.৭৮	৩.৭১%
	ক্ষুদ্র শিল্প	২৩,৯৬১.৬৩	২৬,৮৯৯.৮৪	১২.২৬%
	মোট	**২৭৩,১৭৩.৫৬**	**৩১৯,৭৬২.৮৭**	**১৭.০৫%**

বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-জুন সময় শেষে মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ ছিল ২৭৩,১৭৩.৫৬ কোটি টাকা যা আলোচ্য সময়ে ১৭.০৫% বৃদ্ধি পেয়ে ৩১৯,৭৬২.৮৭ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদি শিল্প ঋণ আদায় ৭০১৯৩.০৮ কোটি টাকা হতে ৯.০৮% বৃদ্ধি পেয়ে ৭৬,৫৬৮.৮১ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণ আদায় ২০২,৯৮০.৪৮ কোটি টাকা হতে ১৯.৮১% বৃদ্ধি পেয়ে ২৪৩,১৯৪.০৫ কোটি টাকায় উন্নীত হয়েছে (ছক-৩ ও চিত্র-৭)।





বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুলাই-জুন প্রান্তিকের তুলনায় আলোচ্য সময়ে মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১৯.৫৭% ৩.৭১% ও ১২.২৬% বৃদ্ধি পেয়েছে। তন্মধ্যে মেয়াদি শিল্প ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ১৪.৫৭% ও ৩.৬৬% বৃদ্ধি পেলেও মাঝারি শিল্পে ১৭.৪৪% হ্রাস পেয়েছে । অন্যদিকে চলতি মূলধন ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ ,মাঝারি এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২১.১৯%, ১২.৫৩% এবং ১৬.১৭% বৃদ্ধি পেয়েছে (চিত্র-৮ ও ছক ৩)।

বিগত ত্রৈমাসিকের শিল্প ঋণ আদায়ের সাথে তুলনামূলক চিত্রঃ


২০১৮-১৯ অর্থবছরের জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকে মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ ছিল ৭৪,৬১১.৬৬ কোটি টাকা যা আলোচ্য এপ্রিল -জুন /২০১৮-১৯ ত্রৈমাসিকে ২৩.১৯% বৃদ্ধি পেয়ে ৯১,৯১৩.০৫ কোটি টাকায় দাঁড়িয়েছে (ছক-৪)। আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মেয়াদি শিল্প ঋণ আদায় ২৬.৫৬% বৃদ্ধি পেয়েছে, অন্যদিকে চলতি মূলধন ঋণ আদায় ২২.০৬% বৃদ্ধি পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট শিল্প ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে ২৮.০০%, ৬.৯৮% এবং ০.৯৮% বৃদ্ধি পেয়েছে ।


		ছক-৪: শিল্প ঋণ আদায়: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জানুয়ারী-মার্চ,২০১৮-২০১৯	এপ্রিল -জুন ২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৫,১১৯.২৩	১৯,৬৬৭.১০	৩০.০৮%
	মাঝারি শিল্প	১,৭০১.৮৯	১,৯৩১.৫৫	১৩.৪৯%
	ক্ষুদ্র শিল্প	১,৮৪৯.১০	২,০৩০.০৬	৯.৭৯%
	মোট	**১৮,৬৭০.২২**	**২৩,৬২৮.৭১**	**২৬.৫৬%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৪৪,৩৫০.১৩	৫৬,৪৫৬.৪৯	২৭.৩০%
	মাঝারি শিল্প	৬,৬১১.৫২	৬,৯৬২.১১	৫.৩০%
	ক্ষুদ্র শিল্প	৪,৯৭৯.৭৯	৪,৮৬৫.৭৪	-২.২৯%
	মোট	**৫৫,৯৪১.৪৪**	**৬৮,২৮৪.৩৪**	**২২.০৬%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৫৯,৪৬৯.৩৬	৭৬,১২৩.৫৯	২৮.০০%
	মাঝারি শিল্প	৮,৩১৩.৪১	৮,৮৯৩.৬৬	৬.৯৮%
	ক্ষুদ্র শিল্প	৬,৮২৮.৮৯	৬,৮৯৫.৮০	০.৯৮%
	মোট	**৭৪,৬১১.৬৬**	**৯১,৯১৩.০৫**	**২৩.১৯%**

জানুয়ারী-মার্চ, ২০১৮-২০১৯ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদি শিল্প ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ ,মাঝারি ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৩০.০৮%, ১৩.৪৯% ও ৯.৭৯% বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে একই সময়ের তুলনায় শিল্প খাতে চলতি মূলধন ঋণ আদায়ের পরিমাণ বৃহৎ ও মাঝারি শিল্পে ২৭.৩০% ও ৫.৩০% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ২.২৯% হ্রাস পেয়েছে ।

মেয়াদোত্তীর্ণ ঋণ

জুন, ২০১৯ সময় শেষে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ ৭৪,৬৬৪.৫০ কোটি টাকা যার মধ্যে মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণের পরিমাণ ৪২,৩১৬.২৭ কোটি টাকা এবং মেয়াদোত্তীর্ণ চলতি মূলধন ঋণের পরিমাণ ৩২,৩৪৮.২৪ কোটি টাকা (ছক-৫ দ্রষ্টব্য)। বর্ণিত সময়ে মেয়াদোত্তীর্ণ মোট ৭৪,৬৬৪.৫০ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের হার যথাক্রমে ৬৭.৯০%, ২৩.২৬% এবং ৮.৮৪% (চিত্র-৯ দ্রষ্টব্য)। আলোচ্য সময়ে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩৯.৩৫%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৫৩.৬৪%, বিদেশি ব্যাংকসমূহের ১.১৮%, বিশেষায়িত ব্যাংকসমূহের ০.৯৯% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৪.৮৩% (চিত্র-১০)।







বিগত অর্থবছরের মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের সাথে তুলনামূলক চিত্র ঃ

		ছক-৫: মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণ: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জুলাই-জুন, ২০১৭-১৮	জুলাই-জুন, ২০১৮-১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	২৩,০১৭.১৭	২৯,৬০৭.৭৬	২৮.৬৩%
	মাঝারি শিল্প	৮,০৭৪.৮৪	৯,৫১৬.৭৫	১৭.৮৬%
	ক্ষুদ্র শিল্প	২,৩৩৭.৮৩	৩,১৯১.৭৬	৩৬.৫৩%
	মোট	৩৩,৪২৯.৮৪	৪২,৩১৬.২৭	**২৬.৫৮%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	১৮,৪৩০.৪৮	২১,০৮৭.৯৪	১৪.৪২%
	মাঝারি শিল্প	৫,৪৪৬.৩৭	৭,৮৫৩.৮১	৪৪.২০%
	ক্ষুদ্র শিল্প	৩,৪২২.৭৭	৩,৪০৬.৪৯	-০.৪৮%
	মোট	২৭,২৯৯.৬২	৩২,৩৪৮.২৪	**১৮.৪৯%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৪১,৪৪৭.৬৫	৫০,৬৯৫.৭০	২২.৩১%
	মাঝারি শিল্প	১৩,৫২১.২১	১৭,৩৭০.৫৬	২৮.৪৭%
	ক্ষুদ্র শিল্প	৫,৭৬০.৬০	৬,৫৯৮.২৫	১৪.৫৪%
	মোট	৬০,৭২৯.৪৬	৭৪,৬৬৪.৫০	**২২.৯৫%**

বিগত ২০১৭-২০১৮ অর্থবছরের জুন,২০১৮ সময় শেষে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ ছিল ৬০,৭২৯.৪৬ কোটি টাকা যা আলোচ্য সময়ে ২২.৯৫% বৃদ্ধি পেয়ে ৭৪,৬৬৪.৫০ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণ ৩৩.৪২৯.৮৪ কোটি টাকা হতে ২৬.৫৮% বৃদ্ধি পেয়ে ৪২,৩১৬.২৭ কোটি টাকা এবং মেয়াদোত্তীর্ণ চলতি মূলধন ঋণ ২৭,২৯৯.৬২ কোটি টাকা হতে ১৮.৪৯% বৃদ্ধি পেয়ে ৩২,৩৪৮.২৪ কোটি টাকায় উন্নীত হয়েছে (চিত্র-১১)।





বিগত ২০১৭-২০১৮ অর্থবছরের জুন, ২০১৮ সময়ের তুলনায় আলোচ্য সময়ে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্পে, মাঝারি শিল্পে এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২২.৩১%, ২৮.৪৭% এবং ১৪.৫৪% বৃদ্ধি পেয়েছে। তন্মধ্যে মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্প ,মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২৮.৬৩%, ১৭.৮৬% ও ৩৬.৫৩% বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে মেয়াদোত্তীর্ণ চলতি মুলধন শিল্প ঋণের পরিমাণ বৃহৎ ও মাঝারি শিল্পে যথাক্রমে ১৪.৪২% ও ৪৪.২০% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ০.৪৮% হ্রাস পেয়েছে ।(ছক-৫ ও চিত্র-১২)।

বিগত ত্রৈমাসিকের মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের সাথে তুলনামূলক চিত্রঃ

২০১৮-১৯ অর্থবছরের জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকে মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ ছিল ৭৪,৫৪৭.৯৪ কোটি টাকা যা আলোচ্য এপ্রিল -জুন ,২০১৮-২০১৯ ত্রৈমাসিকে ০.১৬% বৃদ্ধি পেয়ে ৭৪,৬৬৪.৫০ কোটি টাকায় দাঁড়িয়েছে (ছক-৬)। আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণ ৭.১৮% বৃদ্ধি পেয়েছে এবং চলতি মূলধন ঋণ ৭.৭৫% হ্রাস পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের পরিমাণ বৃহৎ ও মাঝারি শিল্পে যথাক্রমে ২.২৬% ও ১৩.৪২% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ৩১.৬৮% হ্রাস পেয়েছে ।


		ছক-৬: মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণ: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জানুয়ারী-মার্চ,২০১৮-২০১৯	এপ্রিল -জুন ২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	২৭,৭৪৮.৬১	২৯,৬০৭.৭৬	৬.৭০%
	মাঝারি শিল্প	৭,২১৯.৪১	৯,৫১৬.৭৫	৩১.৮২%
	ক্ষুদ্র শিল্প	৪,৫১৩.৬০	৩,১৯১.৭৬	-২৯.২৯%
	মোট	**৩৯,৪৮১.৬২**	৪২,৩১৬.২৭	**৭.১৮%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	২১,৮২৬.২১	২১,০৮৭.৯৪	-৩.৩৮%
	মাঝারি শিল্প	৮,০৯৬.৩৬	৭,৮৫৩.৮১	-৩.০০%
	ক্ষুদ্র শিল্প	৫,১৪৩.৭৫	৩,৪০৬.৪৯	-৩৩.৭৭%
	মোট	**৩৫,০৬৬.৩২**	৩২,৩৪৮.২৪	**-৭.৭৫%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৪৯,৫৭৪.৮২	৫০,৬৯৫.৭০	২.২৬%
	মাঝারি শিল্প	১৫,৩১৫.৭৭	১৭,৩৭০.৫৬	১৩.৪২%
	ক্ষুদ্র শিল্প	৯,৬৫৭.৩৫	৬,৫৯৮.২৫	-৩১.৬৮%
	মোট	**৭৪,৫৪৭.৯৪**	৭৪,৬৬৪.৫০	**০.১৬%**

জানুয়ারী-মার্চ,২০১৮-২০১৯ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদোত্তীর্ণ মেয়াদি শিল্প ঋণের পরিমাণ বৃহৎ ও মাঝারি শিল্পে যথাক্রমে ৬.৭০% ও ৩১.৮২% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ২৯.২৯% হ্রাস পেয়েছে ।অন্যদিকে একই সময়ের তুলনায় শিল্প খাতে মেয়াদোত্তীর্ণ চলতি মূলধন ঋণের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৩.৩৮%, ৩.০০% এবং ৩৩.৭৭% হ্রাস পেয়েছে ।


ঋণের বকেয়া স্থিতি

২০১৮-১৯ অর্থবছরের জুন প্রান্তিকে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ৫২৭,৩৩৪.২৬ কোটি টাকা যার মধ্যে মেয়াদি শিল্প ঋণের বকেয়াস্থিতির পরিমাণ ২৪৩,৮২৫.১৭ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৮৩,৫০৯.০৯ কোটি টাকা (ছক-৭ দ্রষ্টব্য)। বর্ণিত সময়ে শিল্প ঋণের বকেয়া স্থিতির মোট ৫২৭,৩৩৪.২৬ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির হার যথাক্রমে ৭৯.৯৭%, ১২.৫৭%, এবং ৭.৪৬% (চিত্র-১৩ দ্রষ্টব্য)। আলোচ্য সময়ে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ১২.৯৭%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭১.৩৮%, বিদেশি ব্যাংকসমূহের ৮.৪৪%, বিশেষায়িত ব্যাংকসমূহের ০.৬১% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৬.৬০% (চিত্র-১৪)।

চিত্র ১৩: শিল্পের আকার অনুযায়ী শিল্প ঋণের বকেয়া স্থিতির হার
(জুলাই-জুন ২০১৮-১৯)




চিত্র ১৪: ব্যাংকের ধরণ অনুযায়ী শিল্প ঋণের বকেয়া স্থিতির হার
(জুলাই-জুন ২০১৮-১৯)




বিগত অর্থবছরের শিল্প ঋণের বকেয়া স্থিতির সাথে তুলনামূলক চিত্র ঃ

		ছক-৭: শিল্প ঋণের বকেয়া স্থিতি: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জুলাই-জুন, ২০১৭-১৮	জুলাই-জুন, ২০১৮-১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৫৯,৪৮৯.৯১	১৯৬,০১২.২৫	২২.৯০%
	মাঝারি শিল্প	২৭,৮৪৭.৬০	৩০,০৫১.৮৫	৭.৯২%
	ক্ষুদ্র শিল্প	১৫,৫০৬.৭৭	১৭,৭৬১.০৭	১৪.৫৪%
	মোট	২০২,৮৪৪.২৮	২৪৩,৮২৫.১৭	**২০.২০%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	১৭৯,৯৬৫.৫০	২২৫,৬৯৮.০৬	২৫.৪১%
	মাঝারি শিল্প	৩০,০৪৪.৪০	৩৬,২৩৮.৯৭	২০.৬২%
	ক্ষুদ্র শিল্প	১৯,৭৯০.৩৬	২১,৫৭২.০৬	৯.০০%
	মোট	২২৯,৮০০.২৬	২৮৩,৫০৯.০৯	**২৩.৩৭%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৩৩৯,৪৫৫.৪১	৪২১,৭১০.৩১	২৪.২৩%
	মাঝারি শিল্প	৫৭,৮৯২.০০	৬৬,২৯০.৮২	১৪.৫১%
	ক্ষুদ্র শিল্প	৩৫,২৯৭.১৩	৩৯,৩৩৩.১৩	১১.৪৩%
	মোট	৪৩২,৬৪৪.৫৪	৫২৭,৩৩৪.২৬	**২১.৮৯%**

বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুন প্রান্তিকে মোট শিল্প ঋণের পরিমাণ ছিল ৪৩২,৬৪৪.৫৪ কোটি টাকা যা আলোচ্য সময়ে ২১.৮৯% বৃদ্ধি পেয়ে ৫২৭,৩৩৪.২৬ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদি শিল্প ঋণের বকেয়া স্থিতি ২০২,৮৪৪.২৮ কোটি টাকা হতে ২০.২০% বৃদ্ধি পেয়ে ২৪৩,৮২৫.১৭ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতি ২২৯,৮০০.২৬ কোটি টাকা হতে ২৩.৩৭% বৃদ্ধি পেয়ে ২৮৩,৫০৯.০৯ কোটি টাকায় উন্নীত হয়েছে (ছক-৭ ও চিত্র-১৫)।





বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুন প্রান্তিকের তুলনায় আলোচ্য সময়ে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২৪.২৩%, ১৪.৫১% ও ১১.৪৩% বৃদ্ধি পেয়েছে। তন্মধ্যে মেয়াদি শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২২.৯০%, ৭.৯২% ও ১৪.৫৪% বৃদ্ধি পেয়েছে । অন্যদিকে চলতি মূলধন শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২৫.৪১%, ২০.৬২% ও ৯.০০% বৃদ্ধি পেয়েছে (ছক -৭)।

বিগত ত্রৈমাসিকের শিল্প ঋণের বকেয়া স্থিতির সাথে তুলনামূলক চিত্রঃ

২০১৭-১৮ অর্থবছরের জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকে মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ছিল ৪৪৮,৭৬৬.৯৭ কোটি টাকা যা আলোচ্য ত্রৈমাসিকে ১৭.৫১% বৃদ্ধি পেয়ে ৫২৭,৩৩৪.২৬ কোটি টাকায় দাঁড়িয়েছে । আলোচ্য ত্রৈমাসিকে বিগত জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকের তুলনায় মেয়াদি শিল্প ঋণের বকেয়া স্থিতি ১৯.৬৪% বৃদ্ধি পেয়েছে এবং চলতি মূলধন শিল্প ঋণের বকেয়া স্থিতি ১৫.৭৩% বৃদ্ধি পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প ও মাঝারি শিল্পে যথাক্রমে ২২.৯৪% ও ৮.০৬% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ১১.৪২% হ্রাস পেয়েছে (ছক-৮)।


ছক-৮: শিল্প ঋণের বকেয়া স্থিতি: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)


		জানুয়ারী-মার্চ,২০১৮-২০১৯	এপ্রিল -জুন ২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৫৯,২৩৮.২৯	১৯৬,০১২.২৫	২৩.০৯%
	মাঝারি শিল্প	২৬,৭৩৩.৮০	৩০,০৫১.৮৫	১২.৪১%
	ক্ষুদ্র শিল্প	১৭,৮২১.২০	১৭,৭৬১.০৭	-০.৩৪%
	মোট	**২০৩,৭৯৩.২৯**	**২৪৩,৮২৫.১৭**	**১৯.৬৪%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	১৮৩,৭৮১.২৮	২২৫,৬৯৮.০৬	২২.৮১%
	মাঝারি শিল্প	৩৪,৬১০.০৩	৩৬,২৩৮.৯৭	৪.৭১%
	ক্ষুদ্র শিল্প	২৬,৫৮২.৩৭	২১,৫৭২.০৬	-১৮.৮৫%
	মোট	**২৪৪,৯৭৩.৬৮**	**২৮৩,৫০৯.০৯**	**১৫.৭৩%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৩৪৩,০১৯.৫৭	৪২১,৭১০.৩১	২২.৯৪%
	মাঝারি শিল্প	৬১,৩৪৩.৮৩	৬৬,২৯০.৮২	৮.০৬%
	ক্ষুদ্র শিল্প	৪৪,৪০৩.৫৭	৩৯,৩৩৩.১৩	-১১.৪২%
	মোট	**৪৪৮,৭৬৬.৯৭**	**৫২৭,৩৩৪.২৬**	**১৭.৫১%**

জানুয়ারী-মার্চ, ২০১৮-২০১৯ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদি শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প ও মাঝারি শিল্পে যথাক্রমে ২৩.০৯% ও ১২.৪১% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ০.৩৪% হ্রাস পেয়েছে । অন্যদিকে শিল্প খাতে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প ও মাঝারি শিল্পে যথাক্রমে ২২.৮১% ও ৪.৭১% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ১৮.৮৫% হ্রাস পেয়েছে (ছক-৮)।

শ্রেণিকৃত ঋণ

২০১৮-১৯ অর্থবছরের জুন প্রান্তিকে মোট শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির পরিমাণ ৫৭,২০১.০০ কোটি টাকা যার মধ্যে শ্রেণীকৃত মেয়াদি শিল্প ঋণের পরিমাণ ৪০,০৪৪.৭৮ কোটি টাকা এবং শ্রেণীকৃত চলতি মূলধন ঋণের পরিমাণ ১৭,১৫৬.২২ কোটি টাকা (ছক-৯)। বর্ণিত সময়ে শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির মোট ৫৭,২০১.০০ কোটি টাকার মধ্যে শিল্পের আকার অনুযায়ী বৃহৎ শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পে মোট শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির হার যথাক্রমে ৬৬.২৪%, ২২.৩৮% ও ১১.৩৮% (চিত্র-১৭ দ্রষ্টব্য)। আলোচ্য সময়ে মোট শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতির মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪৯.৪০%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪১.৭৫%, বিদেশি ব্যাংকসমূহের ১.০০%, বিশেষায়িত ব্যাংকসমূহের ১.৩৬% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৬.৪৯% (চিত্র-১৮)।







বিগত অর্থবছরের শ্রেণিকৃত স্থিতির সাথে তুলনামূলক চিত্র ঃ

		ছক-৯: শিল্প ঋণের শ্রেণীবিন্যাসিত স্থিতি: বিগত অর্থবছরের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জুলাই-জুন, ২০১৭-১৮	জুলাই-জুন, ২০১৮-১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	১৫,৮৭৯.৮০	২৮,৩১৩.৯৬	৭৮.৩০%
	মাঝারি শিল্প	৭,৭১৪.৪৫	৮,৩৯১.৮৫	৮.৭৮%
	ক্ষুদ্র শিল্প	২,৯২৪.৮৫	৩,৩৩৮.৯৭	১৪.১৬%
	মোট	**২৬,৫১৯.১০**	**৪০,০৪৪.৭৮**	**৫১.০০%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৬,০১৯.৭৪	৯,৫৭২.৫৬	৫৯.০২%
	মাঝারি শিল্প	৩,৬০৪.৫৪	৪,৪১১.৭৪	২২.৩৯%
	ক্ষুদ্র শিল্প	২,৩৫৬.০২	৩,১৭১.৯২	৩৪.৬৩%
	মোট	**১১,৯৮০.৩০**	**১৭,১৫৬.২২**	**৪৩.২০%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	২১,৮৯৯.৫৪	৩৭,৮৮৬.৫২	৭৩.০০%
	মাঝারি শিল্প	১১,৩১৮.৯৯	১২,৮০৩.৫৯	১৩.১২%
	ক্ষুদ্র শিল্প	৫,২৮০.৮৭	৬,৫১০.৮৯	২৩.২৯%
	মোট	**৩৮,৪৯৯.৪০**	**৫৭,২০১.০০**	**৪৮.৫৮%**

বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুন প্রান্তিকে মোট শ্রেণীকৃত শিল্প ঋণের পরিমাণ ছিল ৩৮,৪৯৯.৪০ কোটি টাকা যা আলোচ্য সময়ে ৪৮.৫৮% বৃদ্ধি পেয়ে ৫৭,২০১.০০ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে মেয়াদি শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতি ২৬,৫১৯.১০ কোটি টাকা হতে ৫১.০০% বৃদ্ধি পেয়ে ৪০,০৪৪.৭৮ কোটি টাকা এবং চলতি মূলধন ঋণের শ্রেণীকৃত স্থিতি ১১,৯৮০.৩০ কোটি টাকা হতে ৪৩.২০% বৃদ্ধি পেয়ে ১৭,১৫৬.২২ কোটি টাকায় উন্নীত হয়েছে (ছক-০৯ ও চিত্র- ১৯)।





বিগত ২০১৭-১৮ অর্থবছরের জুন প্রান্তিকের তুলনায় আলোচ্য সময়ে মোট শ্রেণীকৃত শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৭৩.০০%, ১৩.১২% ও ২৩.২৯% বৃদ্ধি পেয়েছে। তন্মধ্যে শ্রেণীকৃত মেয়াদি শিল্প ঋণের পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৭৮.৩০%, ৮.৭৮% ও ১৪.১৬% বৃদ্ধি পেয়েছে । অন্যদিকে চলতি মূলধন শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ৫৯.০২%, ২২.৩৯% ও ৩৪.৬৩% বৃদ্ধি পেয়েছে (ছক-০৯ ও চিত্র - ২০)।

বিগত ত্রৈমাসিকের শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির সাথে তুলনামূলক চিত্র ঃ

		ছক-১০: শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতি: বিগত ত্রৈমাসিকের সাথে তুলনামূলক চিত্র (কোটি টাকায়)		
		জানুয়ারী-মার্চ , ২০১৮-২০১৯	এপ্রিল -জুন ২০১৮-২০১৯	পরিবর্তনের হার
মেয়াদি শিল্প ঋণ	বৃহৎ শিল্প	২৩,২৫১.২৩	২৮,৩১৩.৯৬	২১.৭৭%
	মাঝারি শিল্প	৭,৪০৯.৬৩	৮,৩৯১.৮৫	১৩.২৬%
	ক্ষুদ্র শিল্প	৩,৫৯৪.৩৩	৩,৩৩৮.৯৭	-৭.১০%
	মোট	**৩৪,২৫৫.১৯**	**৪০,০৪৪.৭৮**	**১৬.৯০%**
চলতি মূলধন ঋণ	বৃহৎ শিল্প	৮,০৯৭.১৪	৯,৫৭২.৫৬	১৮.২২%
	মাঝারি শিল্প	৪,১৪৪.৬৫	৪,৪১১.৭৪	৬.৪৪%
	ক্ষুদ্র শিল্প	৩,৯৯০.৩৬	৩,১৭১.৯২	-২০.৫১%
	মোট	**১৬,২৩২.১৫**	**১৭,১৫৬.২২**	**৫.৬৯%**
মোট শিল্প ঋণ	বৃহৎ শিল্প	৩১,৩৪৮.৩৭	৩৭,৮৮৬.৫২	২০.৮৬%
	মাঝারি শিল্প	১১,৫৫৪.২৮	১২,৮০৩.৫৯	১০.৮১%
	ক্ষুদ্র শিল্প	৭,৫৮৪.৬৯	৬,৫১০.৮৯	-১৪.১৬%
	মোট	**৫০,৪৮৭.৩৪**	**৫৭,২০১.০০**	**১৩.৩০%**

২০১৮-১৯ অর্থবছরের জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকে মোট শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ ছিল ৫০,৪৮৭.৩৪ কোটি টাকা যা আলোচ্য এপ্রিল -জুন ,২০১৮-২০১৯ ত্রৈমাসিকে ১৩.৩০% বৃদ্ধি পেয়ে ৫৭,২০১.০০ কোটি টাকায় দাঁড়িয়েছে (ছক-১০)। আলোচ্য ত্রৈমাসিকে বিগত জানুয়ারী-মার্চ ত্রৈমাসিকের তুলনায় মেয়াদি শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতি ১৬.৯০% এবং চলতি মূলধন ঋণের শ্রেণীকৃত স্থিতি ৫.৬৯% বৃদ্ধি পেয়েছে। শিল্পের আকার অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকে বিগত ত্রৈমাসিকের তুলনায় মোট শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প, মাঝারি শিল্প এবং ক্ষুদ্র শিল্পে যথাক্রমে ২০.৮৬%, ১০.৮১% ও ১৪.১৬% হ্রাস পেয়েছে ।

জানুয়ারী-মার্চ ২০১৭-১৮ ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে মেয়াদি শিল্প ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ বৃহৎ শিল্প ও মাঝারি শিল্পে যথাক্রমে ২১.৭৭% ও ১৩.২৬% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ৭.১০% হ্রাস পেয়েছে । অন্যদিকে একই সময়ের তুলনায় শিল্প খাতে চলতি মূলধন ঋণের শ্রেণীকৃত স্থিতির পরিমাণ বৃহৎ ও মাঝারি শিল্পে যথাক্রমে ১৮.২২% ও ৬.৪৪% বৃদ্ধি পেলেও ক্ষুদ্র শিল্পে ২০.৫১% হ্রাস পেয়েছে । (ছক-১০)

এছাড়া, একক প্রতিষ্ঠানসমূহের শ্রেণিকৃত ঋণের হার পর্যালোচনায় দেখা যায়, ৩৮টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ৫% এর নিচে, ২৬টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ৫% এর বেশি কিন্তু ১০% এর নিচে, ৪টি প্রতিষ্ঠানের শ্রেণীকৃত ঋণের হার ১০% এর বেশি কিন্তু ১৫% এর নিচে এবং ২২টি প্রতিষ্ঠানের শ্রেণিকৃত ঋণের হার ১৫% এর বেশি রয়েছে।